# প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করলেন কোরিয়া প্রজাতন্ত্রের প্রেসিডেন্টের বিশেষ দূত

জনাব ডংচিয়া চুং, কোরিয়া প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট জনাব মুন-জাই-ইন-এর বিশেষ দূত আজ সাক্ষাৎ করলেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদির সঙ্গে।

বিশেষ দূত হিসাবে চুংকে ভারতে পাঠানোর জন্য প্রধানমন্ত্রী প্রেসিডেন্ট মুনকে আন্তরিক ধন্যবাদ জানান।

২০১৫ সালের মে মাসে কোরিয়া প্রজাতন্ত্র সফরের কথা পুনর্ব্যক্ত করেন প্রধানমন্ত্রী, যে সফরে দ্বিপাক্ষিক সম্পর্ক 'বিশেষ কৌশলগত অংশীদারিত্বে' উন্নীত হয় এবং তিনি বলেন, কোরিয়া প্রজাতন্ত্র ভারতের একটি গুরুত্বপূর্ণ উন্নয়নমূলক অংশীদার।

প্রধানমন্ত্রী শুধুমাত্র বাণিজ্য এবং অর্থনীতির ক্ষেত্রেই নয়, প্রতিরক্ষা সহযোগিতার মতো নতুন ক্ষেত্রেও দ্বিপাক্ষিক অংশীদারিত্ব গভীরতর হওয়ায় বিষয়টিকে স্বাগত জানান।

প্রধানমন্ত্রী বলেন তিনি প্রেসিডেন্ট মুনের সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্ক মজবুত করার বিষয়ে প্রতিশ্রুতিবদ্ধ, তিনি শীঘ্রই প্রেসিডেন্ট মুনের সঙ্গে দেখা করার জন্য উদগ্রীব।

**নয়াদিল্লি**

**জুন ১৭, ২০১৭**